# BCWS

তৃণমূল পর্যায়ে শ্রম শিক্ষাদানকারী সংস্থা

## প্রচার করি
## মর্যাদার সাথে শ্রমিকের চাকরি এবং অধিকার সম্পর্কে



## বাংলাদেশ সেন্টার ফর ওয়ার্কার্স সলিডারিটি

বাংলাদেশ সেন্টার ফর ওয়ার্কার্স সলিডারিটি তিন জন প্রাক্তন গার্মেন্টস শ্রমিক কল্পনা আক্তার, শেখ নাজমা এবং বাবুল আখতার ২০০০ সালে প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠানটি সব ধরণের শ্রমিকদের, বিশেষ করে গার্মেন্টস শ্রমিকদের শ্রম অধিকার, লিঙ্গভিত্তিক সমতা এবং মানবাধিকার প্রতিষ্ঠার জন্য কাজ করে যাচ্ছে।



BCWS
প্রতিষ্ঠিত হয় ২০০০ সালে
পোশাক শ্রমিকদের নেতৃত্বে
আইনি সহায়তা
লিঙ্গ সমতা
অধিকার রক্ষা
এ্যাডভোকেসি
পরামর্শ সহায়তা প্রদান
মানবাধিকার
নারী শ্রমিকদের
শ্রমিকদের অধিকার
রক্ষা করে

## আমাদের কথা

বাংলাদেশ সেন্টার ফর ওয়ার্কার্স সলিডারিটি শ্রমিকের অধিকার আদায়ের লক্ষে কাজ করা সংগঠনগুলোর মধ্যে একটি উল্লেখযোগ্য নাম। শ্রমিকদের সচেতন এবং ক্ষমতায়ন করে নিরাপদ ও শোভন কর্মপরিবেশ নিশ্চিত করা আমাদের উদ্দেশ্য। এছাড়াও জাতীয় এবং আন্তর্জাতিকভাবে শ্রমিকদের প্রাপ্য অধিকার ও সম্মান আদায়ের জন্য আমরা তৃণমূল পর্যায়ে কাজ করে যাচ্ছি। আমাদের কার্যক্রমের অন্যতম গুরুত্বপূর্ণ অংশ হলো নারী-শিশুর অধিকার ও সুরক্ষা, স্বাধীনভাবে সংগঠন করার অধিকার, লিঙ্গভিত্তিক সমতা এবং যৌথ দর কষাকষিতে নারী শ্রমিকের অংশগ্রহণ নিশ্চিত করা।

গার্মেন্টস কর্মীদের দ্বারা প্রতিষ্ঠিত এবং পরিচালিত হবার কারণে বিসিডব্লিউএসের প্রতি শ্রমিকদের সমর্থন এবং আন্তর্জাতিক শ্রমিক অধিকার আন্দোলনে গ্রহণযোগ্যতা রয়েছে। আমাদের কার্যক্রমের মধ্যে রয়েছে শ্রমিকদের সচেতনতা বৃদ্ধি কর্মসূচি, শ্রমিকদের আইন সহায়তা ও পরামর্শ সেবা প্রদান, চাইল্ড ডে-কেয়ার পরিচালনা ইত্যাদি। সমাজকল্যাণ অধিদপ্তরের আওতাধীন বিসিডব্লিউএস বাংলাদেশ সরকারের অধীনে নিবন্ধিত একটি অলাভজনক প্রতিষ্ঠান। রেজিস্ট্রেশন নাম্বারঃ ঢ-০৬৪১০।

## মিশন

- সাধারণ শ্রমিকদের অধিকার বাস্তবায়ন
- নারীর ক্ষমতায়ন, নেতৃত্ব তৈরি এবং স্বাস্থ্য ও শিক্ষার জ্ঞান প্রসার
- সমাজের লিঙ্গ ভিত্তিক অসমতা এবং সকল ধরণের বৈষম্য দূরীকরণের জন্য জাতীয় ও আন্তর্জাতিক নীতিনির্ধারণী পর্যায়ে প্রচারণা কার্যক্রম

## ভিশন

বিসিডব্লিউসের স্বপ্ন নিরাপদ এবং শোভন কর্ম পরিবেশের মাধ্যমে তৈরি পোশাকশিল্প শ্রমিকদের, বিশেষ করে নারী শ্রমিকদের ক্ষমতায়ন, দক্ষতা ও শক্তি বৃদ্ধি পাবে এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নতি ঘটবে



## কাজের পরিধি



### আমার অধিকার

বাংলাদেশ শ্রম আইন ও বিধিমালা, আন্তর্জাতিক শ্রম মানদণ্ড, আইএলও কোর কনভেনশন্স, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং কর্পোরেট কোডস অফ কন্ডাক্ট অনুযায়ী শ্রমিকদের অধিকার সম্পর্কে শ্রমিকদের সচেতন করা আমাদের প্রধান কাজ। একজন শ্রমিক তার অধিকার ও দায়িত্ব-কর্তব্য সম্পর্কে সচেতন হলে নিরাপদ কর্মপরিবেশ দাবি করতে পারে।



### লিগ্যাল এইড সার্ভিসেস/ আইনি সহায়তা ও পরামর্শ

মজুরি কারচুপি, জোরপূর্বক অথবা নিয়ম বহির্ভূত ছাটাই কিংবা প্রাপ্য বকেয়া না দেওয়া সহ বিভিন্ন ইস্যু নিয়ে বিসিডব্লিউএস শ্রমিকদের বিনামূল্যে আইনি সহযোগিতা ও কাউন্সেলিং দিয়ে থাকে। শ্রমিকদের বকেয়া বেতন, ওভারটাইম এবং মাতৃত্বকালীন সুবিধা লঙ্ঘনের বিষয়ে আমাদের লিগ্যাল ডিপার্টমেন্ট শ্রম আদালতে শ্রম মামলা দায়ের করতে সাহায্য করে। শ্রমিক এবং ম্যানেজমেন্টের মধ্যকার বিবাদ নিষ্পত্তির জন্য আমাদের মিডিয়েশন সার্ভিস আছে। শ্রমিকদের অধিকার আদায় ও সংগঠিত করার জন্য কোনো শ্রমিক যদি মিথ্যে মামলার শিকার হয়, বিসিডব্লিউএস তাকে বিনামূল্যে আইনি সেবা প্রদান করে।




### নারীর ক্ষমতায়ন

লিঙ্গ সমতা এবং কর্মক্ষেত্রসহ সর্বস্তরে নারীর ক্ষমতায়ন নিশ্চিত করার জন্য আমরা নারী শ্রমিকদের নিয়ে উইমেন লিডারশীপ এন্ড জেন্ডার প্রশিক্ষণ এর আয়োজন করে থাকি। যার মাধ্যমে নারী শ্রমিকেরা নারী অধিকার, কর্মস্থলের নিরাপত্তা ও সুরক্ষা, কর্মস্থলে এবং কমিউনিটিতে লিঙ্গ ভিত্তিক সহিংসতা এবং এসবের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার প্রক্রিয়া সম্পর্কে জানতে পারে। পরবর্তীতে তারা পরিবার, কর্মস্থল এবং কমিউনিটিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়।



## কমিউনিটি মোবিলাইজেশন প্রোগ্রাম

সাধারণ শ্রমিকদের ক্ষমতায়ন নিশ্চিত করা আমাদের অন্যতম উদ্দেশ্য। শ্রমিকদের এবং তাদের কমিউনিটির সদস্যদের আমরা অধিকার বিষয়ক বিভিন্ন ট্রেনিং প্রদান করে থাকে। ফলে কর্মক্ষেত্রে এবং কমিউনিটিতে জীবনমান উন্নয়নের জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে ঐক্যবদ্ধভাবে নিজেদের দাবিদাওয়া উপস্থাপন করার সুযোগ তৈরি হয়।



## নেতৃত্ব দক্ষতা বৃদ্ধি বিষয়ক কর্মসূচি

শ্রমিকের ক্ষমতায়ন করার উদ্দেশ্যে আমরা লিডারশিপ ট্রেনিং প্রদান করে থাকি। এই কার্যক্রমের মাধ্যমে শ্রমিকেরা নেতৃত্বের দক্ষতা অর্জন করে তাদের কারখানা কর্তৃপক্ষের সাথে সুসম্পর্ক বজায় রাখতে শিখে। এবং কীভাবে তাদের কাজের পরিবেশের মান বৃদ্ধি করা যাবে তা সম্পর্কে ধারণা পায়। ফলে তারা বিভিন্ন সমস্যা চিহ্নিত করে সমাধান করার উদ্যোগী হয়।



## এমপ্লিফাইয়িং ওয়ার্কার্স ভয়েস/ সম্মিলিত কন্ঠস্বর

শ্রমিকদের তাদের অধিকার সম্পর্কে সচেতন করার মাধ্যমে আমরা শ্রমিকদের সংগঠিত ও ঐক্যবদ্ধ করে থাকি যেন তারা অধিকার আদায়ে সোচ্চার হয়। একইসাথে আমরা মালিকপক্ষের সাথে শ্রমিকদের যৌথ দর কষাকষিতে নারী শ্রমিকদের প্রতিনিধিত্ব নিশ্চিত করি।





## ইমার্জেন্সি রেস্পন্স

কোভিড ১৯ মহামারির প্রথম ফেইজে জরুরি ভিত্তিতে শ্রমিকদের পাশে দাঁড়ানো প্রথম সারির সংগঠনগুলোর মধ্যে আমাদের সংগঠন অন্যতম। শ্রমিকদের চার সদস্যের পরিবারের এক মাসের জন্য খাদ্য ও চিকিৎসা সেবা দেয়া হয়েছে, যাদের বেশিরভাগই দুঃস্থ অথবা বেকার কিংবা মজুরী বৈষম্যের শিকার।




## লাইফ স্কিল এন্ড আইসিটি কর্মসূচি ও কর্মমুখী শিক্ষা

ডিজিটাল নিরাপত্তা আইন এবং নিরাপদ শ্রমিকদের অধিকার আদায়ে সক্ষম করে তোলার জন্য আমাদের প্রচেষ্টার অন্যতম অংশ হলো লাইফ স্কিল এন্ড আইটি ট্রেনিং। বেসিক কম্পিউটার স্কিল এবং নিরাপদ ইন্টারনেট ব্রাউজিং শিখার মাধ্যমে শ্রমিকেরা প্রযুক্তিগত জ্ঞান পায় ফলে তথ্য সংগ্রহ ও যোগাযোগ করা তাদের জন্য সহজ হয়ে যায়। এছাড়াও আমাদের একটি ব্লগ আছে, **(blog.bcwsbd.org)** যেখানে সাধারণ শ্রমিকেরা তাদের দৈনন্দিন জীবনের গল্প ও সংগ্রামের কথা বলতে পারে।



## নিরাপদ শৈশব

আমাদের অন্যতম লক্ষ্য শ্রমিকদের সন্তানদের নিরাপদ শৈশব নিশ্চিত করা। অধিকারবঞ্চিত শিশুদের জন্য বিসিডব্লিউএস একটি প্রি-স্কুল পরিচালনা করতো। তৈরি পোশাকশিল্পের শ্রমিক এবং অন্যান্য শ্রমিকদের এক থেকে ছয় বছর বয়সী শিশুদের জন্য এই সংগঠনের একটি ডে-কেয়ার আছে।




## জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে ক্যাম্পেইন, লবি এবং এডভোকেসি

শ্রমিকদের অধিকার বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে আমরা সারা বছর ক্যাম্পেইন, লবি এবং এডভোকেসি করে থাকি। বর্তমানে আমরা ক্যাম্পেইন করছি আইএলও সি১৯০ অনুস্বাক্ষর, আন্তর্জাতিক একর্ড, বাঁচার মতো মজুরী ইত্যাদির জন্য।



## প্রভাব

- বাংলাদেশ শ্রম আইন, জাতীয় ও আন্তর্জাতিক আইন ও অধিকার, জেন্ডার ভিত্তিক সহিংসতা সম্পর্কে সচেতনতা ও প্রতিরোধ, নেতৃত্বের প্রশিক্ষণ ইত্যাদি বিষয়ে তিন বছরেরও বেশি সময় ধরে প্রায় ৮০০০ শ্রমিক প্রশিক্ষণ গ্রহণ করেছে।
- আশুলিয়া, গাজীপুর, নারায়ণগঞ্জ এলাকায় শ্রম ও মানবাধিকার নিয়ে ৫০ হাজারের বেশি শ্রমিক ও কমিউনিটি সদস্য সচেতন হয়েছে ।
- বেআইনিভাবে চাকরিচ্যুত কর্মীদের পুনর্বহাল করা এবং ২০২০-২০২২ সাল পর্যন্ত বরখাস্ত কর্মীদের জন্য ১ কোটিরও বেশি বকেয়া মজুরি এবং ক্ষতিপূরণ অর্থ প্রদানের ব্যবস্থা করা।
- সফল আইনি সহায়তা সহায়তার মাধ্যমে কারখানাসমূহে শ্রমিকদের জন্য মাতৃত্ব সুবিধা এবং অর্জিত ছুটির অর্থ প্রদান।
- হাইকোর্টের নির্দেশিকা ২০০৯ অনুযায়ী ৯টি পোশাক কারখানায় অভিযোগ কমিটি/ এন্টি হ্যারাসমেন্ট কমিটি গঠন করতে সাহায্য করেছে। উক্ত কমিটিতে BCWS এর প্রতিনিধি বহিরাগত সদস্য হিসেবে দায়িত্ব পালন করছে।
- সমমনা এনজিও এবং ট্রেড ইউনিয়ন ফেডারেশনের সাথে কর্মক্ষেত্রে নারীর বিরুদ্ধে হয়রানী ও নির্যাতন প্রতিরোধের বিষয়ে আইএলও কনভেনশন ১৯০ অনুসমর্থনের জন্য BCWS ক্যাম্পেইন পরিচালনা করছে।
- কোভিড-১৯-এর সময় ৫৯২০ পরিবারকে জরুরি খাবার ও ওষুধ সহায়তা দিয়ে সাহায্য করেছে।
- সমমনা সংস্থার সাথে BCWS ব্র্যান্ডগুলোর অর্ডার বাতিল এবং মূল্য হ্রাস বন্ধ করার জন্য পে-আপ ক্যাম্পেইন পরিচালনা/ সমর্থন করে।
- বিসিডব্লিউএস সমমনা সংস্থার সাথে শ্রমিকদের সুরক্ষামূলক কার্যক্রমের অংশ হিসেবে Pay Your Workers Ges Severance Gurantee Fund ক্যাম্পেইন পরিচালনা করছে।
- কমিউনিটি মোবিলাইজেশনের মাধ্যমে শ্রমিক ও কমিউনিটির ক্ষমতায়ন করছে।

## আমাদের শাখাসমূহ

**প্রধান কার্যালয়**
৪৬৪/এইচ(৪র্থ তলা), ইসলাম টাওয়ার
পশ্চিম রামপুরা, ডিআইটি রোড,ঢাকা-১২১৯
ফোন ঃ+৮৮ ০২-৫৫১২৮২৩৯,
মোবাইল ঃ +৮৮ ০১৮১৯১৯৮২০৪

**কোনাবাড়ী শাখা অফিস**
হোল্ডিং-৫২২(তৃতীয় তলা), মিহিরজান কমপ্লেক্স
আমবাগ, কোনাবাড়ী, গাজীপুর।
ফোন ঃ+৮৮ ০২-৫৫১২৮২৩৯,
মোবাইল ঃ +৮৮ ০১৮৭৯-০০১৮৭০

**গাজীপুর শাখা অফিস**
হোল্ডিং -১৭৯৪ (দ্বিতীয় তলা), কুনিয়া
বড় বাড়ী, গাজীপুর।
ফোন ঃ+৮৮ ০২-৫৫১২৮২৩৯,
মোবাইল ঃ +৮৮ ০১৯১৮-৪৫৭২২৩

**আশুলিয়া শাখা অফিস**
১৩৫৭, মধ্য গাজীরচট (বাইতুন নূর জামে মসজিদ)
আলিয়া মাদ্রাসা, আশুলিয়া, ঢাকা।
ফোনঃ +৮৮ ০২-৫৫১২৮২৩৯,
মোবাইলঃ + ৮৮ ০১৬৭৭-৩০৫০৭৩।

**জিরাবো শাখা অফিস**
হোল্ডিং-৩৭০ (নীচ তলা), রোড-০৬,
ওয়ার্ড-০৮, জিরাবো, আশুলিয়া, ঢাকা।
ফোন ঃ +৮৮ ০২-৫৫১২৮২৩৯
মোবাইল ঃ + ৮৮ ০১৬৭৭-৩০৫০৭৩।

**নারায়নগঞ্জ শাখা অফিস**
হোল্ডিং-০১(তৃতীয় তলা), রোড-১৩,
হিরাঝিল, সিদ্দিরগঞ্জ আবাসিক এলাকা,
নারায়নগঞ্জ।
ফোন ঃ+৮৮ ০২-৫৫১২৮২৩৯
মোবাইল ঃ + ৮৮ ০১১২১৭৫৮১৬

**ফতুল্লা শাখা অফিস**
হোল্ডিং-১২(দ্বিতীয় তলা), ব্লক-এ,
রোড–০১, সস্তাপুর, ফতুল্লা, নারায়নগঞ্জ।
ফোন ঃ+৮৮ ০২-৫৫১২৮২৩৯,
মাবাইল ঃ +৮৮ ০১৭৫৬-৭৫৩০০২

**চট্রগ্রাম শাখা অফিস**
অপু বিল্ডিং (৪র্থ তলা ),৬১৯ হাফিজ
উল্যাহ লেন,সুলতান কলোনী, চৌমহুনী,
পাঠানতুলী, আগ্রাবাদ, চট্রগ্রাম।
ফোনঃ +৮৮ ০২-৫৫১২৮২৩৯,
মোবাইলঃ +৮৮ ০১৮২৫-০৮৪৫৪৮

**Find us:**

bcws.social
info@bcwsbd.org

www.bcwsbd.org